



(https://www.banglanews24.com)


জাতীয়

[🏠 \(https://www.banglanews24.com\)](https://www.banglanews24.com) / [জাতীয় \(/category/জাতীয়/1\)](https://www.banglanews24.com/category/জাতীয়/1)

স্বপ্ন যে দেখে না, সে শিল্পী হতে পারে না: আনিসুল হক

স্টাফ করেসপন্ডেন্ট | বাংলানিউজটোয়েন্টিফোর.কম

আপডেট: ২১৫৭ ঘণ্টা, ডিসেম্বর ১৮, ২০১৬

 স্বপ্ন যে দেখে না, সে শিল্পী হতে পারে না: আনিসুল হক

ঢাকা উত্তরের মেয়র আনিসুল হক বলেছেন, শিল্পীদের স্বপ্ন থাকতে হয়, তবেই তারা শিল্পী হন। স্বপ্ন যে দেখে না সে শিল্পী হতে পারে না। আর এখনকার শিল্পীর জগত অনেক প্রতিযোগিতার।

ঢাকা: ঢাকা উত্তরের মেয়র আনিসুল হক বলেছেন, শিল্পীদের স্বপ্ন থাকতে হয়, তবেই তারা শিল্পী হন। স্বপ্ন যে দেখে না সে শিল্পী হতে পারে না।

আর এখনকার শিল্পীর জগত অনেক প্রতিযোগিতার।

রোববার (১৮ ডিসেম্বর) রাতে ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি, বসুন্ধরাতে ১৬তম ইউরো-সিজেএফবি পারফরম্যান্স অ্যাওয়ার্ড অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন তিনি।

এ বছর ইউরো-সিজেএফবি আজীবন সম্মাননা পেয়েছেন সমকাল সম্পাদক গোলাম সারওয়ার। সংবাদপত্রের মাধ্যমে বিনোদন জগতে অসামান্য অবদান এবং ভূমিকার পরিপ্রেক্ষিতে তাকে আজীবন সম্মাননায় ভূষিত করা হয়।

(http://a-great-us-visa-intl.fyi/?ref=eastwestmedia-banglanews24.1159847&sub_...&search2&tid=1297809&tband=view&tbserp=search&c...JdOJNTatuehBoRjd81M6syjYMoKSCRm08o6beb-IKd3ehx)

Getting a US Visa May Be Easier Than You Think
US Visa | Search | Sponsored (https://popup.taboola.com/en/?template=colo

বাবরণ এ সম্পাদকের হাতে সম্মাননা সাবক তলে দেন অনর্জানের প্রধান অতিথি ঢাকা উত্তর সিটি করপোরেশনের

https://www.banglanews24.com/national/news/bd/541448.details

স্বপ্ন যে দেখে না, সে শিল্পী হতে পারে না: আনিসুল হক | ২৩ জানুয়ারি ২০২১, ০৯ জমাদিস সানি ১৪৪২

সার্চ ইউনিজয় ফনেটিক

এছাড়া শিল্পী বেবি নাজনিন পান বিশেষ সম্মাননা পদক। এছাড়াও বিভিন্ন অঙ্গনে খ্যাতিমান ব্যক্তিদের সম্মাননা দেয়া হয়।

অনুষ্ঠানে সম্মাননা গ্রহণ করে গোলাম সারওয়ার বলেন, সাংস্কৃতিক অঙ্গনে আমাদের নিজের পায়ে দাঁড়াতে হবে। এজন্য সিজিএফবি ভূমিকা গুরুত্বপূর্ণ।

তিনি আরও বলেন, 'চলচ্চিত্র নীতিমালার সংশোধন করতে হবে। পুরাতন নীতিমালা আধুনিক করতে হবে।'

এছাড়া আনিসুল হক তার বক্তব্যে টেলিভিশন জগতের এক সময়কার স্মৃতি তুলে ধরে বলেন, 'একজন শিল্পী যখন জনপ্রিয়তার তুঙ্গে থাকেন, তখন তার পাশে অনেকে থাকেন। শিল্পীর যখন জনপ্রিয়তা থাকে না তখন কেউ পাশে থাকেন না।'

তিনি জানান, 'শিল্পীর পাশে ফাউন্ডেশন' নামে একটি সংগঠন করা হয়েছে। এ ফাউন্ডেশন শিল্পীদের পাশে থাকবে সব সময়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সিজিএফবির প্রধান পৃষ্ঠপোষক গ্লোব সফট ড্রিংকস লিমিটেডের চেয়ারম্যান হারুনুর রশীদ, সংগঠনের সভাপতি এনাম সরকার ও সাধারণ সম্পাদক তামিম হাসান।

আজীবন সম্মাননা প্রদানের পর সঙ্গীত, টেলিভিশন এবং চলচ্চিত্র অঙ্গনে ২০১৫ সালের বছর সেরা তারকাদের হাতে ইউরো-সিজিএফবি পারফরম্যান্স অ্যাওয়ার্ড তুলে দেওয়া হয়।

অ্যাওয়ার্ড পেলেন যারা:

চলচ্চিত্র-সেরা চলচ্চিত্র জাজ মাল্টিমিডিয়া প্রযোজিত ইফতেখার চৌধুরীর 'অগ্নি ২', সেরা পরিচালক এস এ হক অলিক (আরও ভালোবাসবো তোমায়), সেরা অভিনেতা আরেফিন শুভ (ছুঁয়ে দিলে মন), সেরা অভিনেত্রী পরীমনি (আরও ভালোবাসবো তোমায়)।

টেলিভিশন-সেরা অভিনেতা চঞ্চল চৌধুরী (ইয়ার আলীর নতুন বৌ), সেরা অভিনেত্রী বিদ্যা সিনহা মীম (চিলি চকলেট) ও সেরা নাট্যপরিচালক মাসুদ সেজান (লাইক অ্যান্ড কমেন্টস)।

সঙ্গীত-সেরা সঙ্গীত পরিচালক মিনার রহমান (আহা রে), সেরা গায়ক হাবিব ওয়াহিদ (মন ঘুমায়রে), সেরা গায়িকা দিলশাদ নাহার কনা (রেশমী চুড়ি)।

মডেল: সেরা মডেল পুরুষ-মাহফুজ আনাম জেমস (ব্ল্যাক হর্স), সেরা মডেল নারী-মীম চৌধুরী (ডিয়ন অ্যালমন্ড চকলেট)।

অন্যান্য ক্যাটাগরির পুরস্কার: সেরা উপস্থাপক-উপস্থাপিকা যৌথভাবে দেবশীষ বিশ্বাস (তোমাকে পাওয়ার জন্য) ও আমরিনা সারজিন আমরিন (বিপিএল)।

সমালোচক পুরস্কার পেয়েছেন সেরা ইভেন্ট (জাতীয়) রুবাইয়াত ঠাকুর রবিন (রূপকথা ইভেন্টস অ্যান্ড কমিউনিকেশন) ও সেরা ইভেন্ট (আন্তর্জাতিক) স্বপন চৌধুরী (অন্তর শোবিজ)। সেরা প্রযোজক আরশাদ আদনান।

ইউরো-সিজিএফবি পারফরম্যান্স অ্যাওয়ার্ড অনুষ্ঠানে নৃত্য পরিবেশন করেন বিদ্যা সিনহা মীম। পুরস্কার দেওয়ার ফাঁকে ফাঁকে ছিল গান, নাচসহ অনেক আয়োজন। গান পরিবেশন করেন জেমস, হাবিব, বেবী নাজনিন হৃদয় স্থান ও মিনার রহমান।

বাংলাদেশ সময়: ০৩৫০ ঘন্টা, ডিসেম্বর ১৯, ২০১৬

এসএ/এসএইচ

<https://www.banglanews24.com/national/news/bd/541448.details>

জাতীয় এর সর্বশেষ
f t (htt
(http://www.
English (https://www.banglanews24.com/english)

BANGLA
NEWS

করোনা: বহু দেশের টুরিস্ট ভিসা এখনও বন্ধ
(https://www.banglanews24.com/national/n

BANGLA
NEWS

বিবর্তনের ছোঁয়া লেগেছে রসের হাঁড়িতে
(https://www.banglanews24.com/national/n

BANGLA
NEWS

মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই কার্যক্রমের তারিখ পরি
(https://www.banglanews24.com/national/n

(http://a-great-us-visa-intl.fyi/?ref=eastwestmedia-banglanews24.1159847&sub_banglanews24.1159847-search2&tid=1297809&tband=view&tbserp=search&uUdOJNTatuehBoRjd81M6sjYMokSCRM08o6beb-Ikd3ehx)

Getting a US Visa May Be Easier Than You Think
US Visa | Search | Sponsored (https://popup.taboola.com/en/?template=colo